

Sub-87

দৈনিক ইনকিলাব



09 AUG 1986
পৃষ্ঠা... 5

042

শিক্ষা

দূরশিক্ষণ কর্তৃপক্ষ সমীপে একটি আবেদন

গত ৩১ জুলাই দৈনিক ইনকিলাবে প্রকাশিত জনাব জাকারিয়া সেলিম-এর লিখিত "দূরশিক্ষণ পদ্ধতিতে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা কোর্স চাই" শিরোনামে প্রকাশিত আবেদনটি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। আমরা জনাব জাকারিয়া সেলিমের সাথে একমত।

আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে লাইব্রেরী প্রতিষ্ঠার প্রতি যে গুরুত্ব আরোপ করা হচ্ছে এতে প্রশিক্ষণ প্রাপ্ত লাইব্রেরীয়ানের যথেষ্ট প্রয়োজন রয়েছে। দেশব্যাপী শিক্ষার আলো ছড়িয়ে দিতে গণ-পাঠাগার এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ ধরনের পাঠাগার তত্ত্বাবধানের ক্ষেত্রেও প্রশিক্ষণপ্রাপ্ত লাইব্রেরীয়ানের প্রয়োজন। সম্প্রতি, দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে

মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য বি, এড কোর্স চালু করা হয়েছে এবং সাফল্যজনকভাবে এর কার্যকরীতাও প্রমাণিত হতে চলছে। আমাদের দেশে "লাইব্রেরী ট্রেনিং ইনস্টিটিউট" নামে একটি প্রশিক্ষণ কেন্দ্র আছে। দেশের চারটি বিভাগে এর চারটি শাখাও রয়েছে। রাজধানী ঢাকায় এর কেন্দ্রীয় কার্যালয় অবস্থিত। আমরা মনে করি, এ ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে দূরশিক্ষণ কর্তৃপক্ষ সনাতোকোন্ডর কোর্স প্রদানে

একটি কার্যক্রম সহজে হাতে নিতে পারেন।

দূরশিক্ষণ কর্তৃপক্ষের দূরদর্শী কর্মকর্তাবৃন্দ ও আমাদের সম্মানিত লাইব্রেরী এসোসিয়েশনের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিষয়টি বিবেচনায় আনবেন। এই আমাদের আন্তরিক আবেদন।

—মোঃ আহসান হাবীব,
১৯০/শেরে বাংলা রোড,
খুলনা।